*Total number of printed pages–4*

**1 (Sem–1) BEN**

**2024**

**BENGALI**

Paper : BEN0100104

*(শিশু ও কিশোর সাহিত্য)*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের কাহিনিতে হৃদয় কার সঙ্গে মানস সরোবর যাওয়ার জন্যে ঘর ছেড়ে বেরিয়েছিল?

(খ) চাঁদপুরের জঙ্গলে বসে কে হাঁসের দলের উপরে নজর রেখেছিল?

(গ) 'বাবুরাম সাপুড়ে' কবিতায় সাপুড়ের নাম কী ছিল?

(ঘ) 'খুড়োর কল' কবিতায় কলের সামনে কী ঝুলে থাকার কথা রয়েছে?

(ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পদিপিসির ছেলের নাম কী ছিল?

*Contd.*

(চ) ‘পদিপিসির বর্মিবাক্স’ গল্পে পদিপিসির কী রান্না দেখে বড়লাট সাহেব থ হয়ে গিয়েছিলেন?

(ছ) ‘প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য’ কাহিনিতে অবিনাশবাবু গল্পকথকের কত বছরের প্রতিবেশী ছিলেন?

(জ) ‘প্রোফেসর শঙ্কু ও আশ্চর্য পুতুল’ কাহিনিতে গ্রেগর লিন্ডকুইস্ট কোন্ শহরের অধিবাসী ছিলেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ *(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) ‘বুড়ো আংলা’ গ্রন্থের কাহিনিতে বুড়ো আংলা কে? সে কার শাপে বুড়ো আংলা হয়েছিল?

(খ) ‘বুড়ো আংলা’ গ্রন্থে কোন্ দুজাতের হাঁসকে কোথাও যেতে চায় না, নড়তেও চায় না—ভারি কুনো বলে উল্লেখ করা হয়েছে?

(গ) ‘খিচুড়ি’ কবিতায় ‘হাতিমি’ কোন্ দুটি প্রাণীর মিলিত রূপ?

(ঘ) ‘সৎ-পাত্র’ কবিতায় সৎপাত্রের মুখের গঠন কীরকম ছিল? সে কতবার মেট্রিক ফেল করেছিল?

(ঙ) “...বুকে আমার সিংহের সাহস।” এটা কার উক্তি? কোন্ প্রসঙ্গে বক্তা এই উক্তিটি করেছিল?

(চ) পদিপিসি কোন্ সময়ে নিমাইখুড়োর বাড়ি যাত্রা করেছিলেন? সেই সময় পদিপিসির সঙ্গী কে ছিল?

(ছ) পদিপিসির বর্মিবাক্স কী রঙের ছিল? এটি কতবছর ধরে খুঁজে পাওয়া যায়নি?



(জ) “...এই দুটো মাসে উল্কাপাত হয় সবচেয়ে বেশি।” ‘ব্যোমযাত্রীর ডায়রি’ থেকে নেওয়া এই উদ্ধৃতাংশে কোন্ দুটি মাসের কথা বলা হয়েছে?

(ঝ) তারকবাবু সুন্দরবনের মাথারিয়া অঞ্চলে কিসের অনুসন্ধানে গিয়েছিলেন? সেখান থেকে তিনি কী নিয়ে এসেছিলেন?

(ঞ) অবিনাশবাবু কীসে মুড়ে গোলকটি প্রোফেসর শঙ্কুকে দিয়েছিলেন? সন্ধ্যার সময় সেই গোলকটির রঙ কেমন হয়?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে-কোনো চারটি)* ৫×৪=২০

(ক) ‘বুড়ো আংলা’ কাহিনিতে হৃদয়ের দেখা জ্যান্ত গণেশের বিবরণ দাও।

(খ) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘চলন বিল’ অংশের কাহিনিতে খোঁড়া হাঁসের কার্যকলাপ সংক্ষেপে বর্ণনা করো।

(গ) ‘সৎ পাত্র’ কবিতায় সৎ পাত্র কোন্ বংশের ছিল? কবিতাটিতে বর্ণিত তার ভাইদের পরিচয় দাও। ১+৪=৫

(ঘ) ‘বাবুরাম সাপুড়ে’ কবিতায় কবি সাপুড়েকে কী ধরনের সাপ রেখে যেতে বলেছিলেন, কবিতাটি অনুসরণে তার যথাযথ বিবরণ দাও।

(ঙ) ‘পদিপিসির বর্মিবাক্স’ গল্পে গল্পকথক মামার বাড়িতে পদিপিসি-সংক্রান্ত যে স্বপ্ন দেখেছিল তার বিবরণ দাও।

(চ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে শেষপর্যন্ত কে, কীভাবে পদিপিসির বর্মিবাক্স উদ্ধার করেছিল, লেখো।

(ছ) 'ব্যোমযাত্রীর ডায়রি'-র কাহিনিতে বর্ণিত মঙ্গল গ্রহ সম্পর্কে আলোচনা করো।

(জ) নিউটনের বিশেষত্ব 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য' কাহিনিতে যেভাবে ফুটে উঠেছে তার সবিশেষ পরিচয় দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ *(যে-কোনো দুটি)*

১০×২=২০

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের হৃদয় চরিত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'খুড়োর কল' কবিতার মূল বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

(গ) 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য' কাহিনি অবলম্বনে গোলক রহস্যের স্বরূপ উন্মোচন করো।

(ঘ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের পদিপিসির চরিত্র আলোচনা করো।

(ঙ) 'গোঁফচুরি' কবিতায় বড়বাবু তাঁর গোঁফ চুরি হয়ে যাওয়ার ঘটনায় যে প্রতিক্রিয়া ব্যক্ত করেছিলেন তার বিবরণ দাও।

---